

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.১৮.০০১.১৯-

তারিখ: -----

অফিস আদেশ

মানসিক হাসপাতাল পাবনার পরিচালক ও সেবা তত্ত্বাবধায়কের অভিযোগের প্রেক্ষিতে উক্ত হাসপাতালের কিছু সংখ্যক নার্সিং কর্মকর্তাগণকে এ অধিদপ্তরের ৩১/১২/২০১৯ খ্রিঃ ৪৫.০৩.০০০০.০০১.১৯.০০১.১৯.৪০/১(৬৬) সংখ্যক স্মারক দ্বারা প্রশাসনিক কারণে অন্যত্র বদলী করা হয়। উক্ত নার্সিং কর্মকর্তাগণ চাকরি জীবনে প্রশাসনের সাথে কোন প্রকার অসদাচরণ ও দায়িত্ব অবহেলা সহ কোন সরকারি কর্মচারি শৃংখলা ভঙ্গ করেন নাই মর্মে আবেদনে উল্লেখসহ তাদের বদলীর আদেশ স্থগিত করার জন্য স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন।

এখানে উল্লেখ্য যে স্থানীয় কর্তৃপক্ষ অর্থাৎ মানসিক হাসপাতাল পাবনার পরিচালক ও সেবা তত্ত্বাবধায়ক এর অভিযোগের প্রেক্ষিতে বদলীর আদেশ দেয়া হয় এখন উক্ত পরিচালক ও সেবা তত্ত্বাবধায়কই বদলীর আদেশ বাতিল/স্থগিত করার করার নিমিত্তে তাদের আবেদনে সুপারিশ করেন। এ বিষয়ে তদন্ত পূর্বক সঠিক প্রতিবেদন প্রেরণ করার জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তাকে একক সদস্য বিশিষ্ট তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হল।

তদন্ত কর্মকর্তা :-

১। শাহিনুর নাহার, জেলা পাবলিক হেলথ নার্স, পাবনা।

উক্ত তদন্ত কর্মকর্তাকে আগামী ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে রাশেদা আক্তার এবং অন্যান্য নার্সিং কর্মকর্তাগণের বিরুদ্ধে প্রশাসনিক অভিযোগ সমূহ যথাযথ কিনা তা তদন্তপূর্বক মতামত সহ প্রতিবেদন এ অধিদপ্তরে দাখিল করার জন্য নির্দেশক্রমে বলা হল।

স্বঃ—

শোভা শাহনাজ
পরিচালক (প্রশাসন)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

তারিখ: ০২/০১/২০২০
২১/০১/২০২০

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.১৮.০০১.১৯-০৬/১(৬)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

- ০১। পরিচালক, মানসিক হাসপাতাল পাবনা।
- ০২। সিভিল সার্জন, পাবনা।
- ০৩। সেবা তত্ত্বাবধায়ক, মানসিক হাসপাতাল পাবনা।
- ০৪। শাহিনুর নাহার, জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস পাবনা।
- ০৫। প্রশাসনিক কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ০৬। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হল)।

সহকারী পরিচালক (প্রশাসন)
২১/০১/২০২০

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।